০৮ অক্টোবর ২০১৮

# কার্যকর হলো ডিজিটাল নিরাপত্তা আইন :

## আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর উদ্বেগ

সাংবাদিক নেতৃবৃন্দের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে ডিজিটাল নিরাপত্তা আইনের বিভিন্ন দিক সম্পর্কিত উদ্বেগসমূহ কাটানোর চেষ্টা বের করা হবে বলে আশ্বাস প্রদানের পরও আইনটি স্বাক্ষরের জন্য মহামান্য রাষ্ট্রপতির কাছে পাঠানো হয়েছে এবং রাষ্ট্রপতি সেটি স্বাক্ষরও করেছেন। এর মাধ্যমে এ আইন কার্যকর হলো। সরকারের পক্ষ থেকে আশ্বাস সত্ত্বেও এ আইনের ব্যাপারে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে আলোচনায় না বসায় আসক হতাশা এবং উদ্বেগ প্রকাশ করছে।

ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া প্রণয়নের সময় থেকে মানবাধিকার কর্মীরা ও সংবাদকর্মীরা এ আইনের বিভিন্ন ধারা বহুল বিতর্কিত ও অপব্যবহৃত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারার সাথে সামঞ্জস্যপূর্ণ বলে দাবী জানিয়েছেন। তারা এ আইনটির বিতর্কিত ধারাসমূহ সংবিধান, গণতান্ত্রিক মূল্যবোধ, মানবাধিকার বিরোধী বলে অভিমত প্রদান করেছেন। সরকারের কাছে তারা বারবার তাদের উদ্বেগ প্রকাশ করেছে। সরকারের পক্ষ থেকে বিভিন্ন সময়ে নানা আশ্বাস প্রদান করলেও প্রকৃতপক্ষে আইনে তেমন কোন পরিবর্তন আনা হয়নি।

আমরা অত্যন্ত ক্ষুব্ধ যে, মানবাধিকার ও সংবাদকর্মীদের মতামতকে সম্পূর্ণ অগ্রাহ্য করে সরকার এ আইন প্রণয়ন করেছে। আমরা সরকারের কাছে দ্রুততার সাথে এ আইনটির অস্পষ্ট জায়গাগুলোকে স্পষ্ট করার জন্য এবং সুনির্দিষ্ট বিধিমালা তৈরী করার দাবী জানাচ্ছি।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র
Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, G.P.O. Box : 3252, Tel : +88-02-8100192, 8100195, 8100197, Fax : +88-02-8100187
Email : ask@citechco.net, Website : www.askbd.org